দর্শনা হৈবতপুরে স্কুলগামী মেয়েদের ওপর ইভটিজিং, উদ্বিগ্ন অভিভাবকরা

দর্শনা থানার হৈবতপুর গ্রামের স্কুলগামী মেয়েরা মদনা গ্রামে আসার পথে ইভটিজিংয়ের শিকার হওয়ার অভিযোগ উঠেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, চলাচলের মাঝামাঝি স্থানে বকুলতলা ও বটগাছের নিচে কয়েকজন যুবক মোবাইল ফোন দিয়ে মেয়েদের ভিডিও করছে এবং ফেসবুকে ছড়িয়ে দিচ্ছে। পাশাপাশি তারা আপত্তিকর কথা বলছে ও পথরোধ করে নানা মন্তব্য করছে।

হৈবতপুর গ্রামের অভিভাবক এবং স্কুলগামী মেয়েরা জানান, এভাবে প্রতিদিন স্কুলে আসার পথে তারা ইভটিজিংয়ের স্বীকার হচ্ছেন। এতে প্রাথমিকভাবে প্রভাব পড়ছে ৬ষ্ঠ শ্রেণির ৪ জন, নবম শ্রেণির ২ জন, অষ্টম শ্রেণির ১ জন ও পঞ্চম শ্রেণির ১ জনসহ মোট ৯-১০ জন ছাত্রীর ওপর।

মদনা গ্রামের আক্তার হোসেনের ছেলে আরাফাত হোসেন (১৫), জাফর মিয়া (১৫) ও লিটনের ছেলেসহ ৭-৮ জন যুবককে বিষয়টি জানানো হলেও, স্থানীয় অভিভাবকরা অভিযোগ করেন, এখন পর্যন্ত কোনো কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুলতান মাহমুদকে বিষয়টি অবহিত করলে তিনি জানান, বিষয়টি পর্যবেক্ষণ করা হবে।

শব্দ দূষণের মধ্যে এক মাসে ৪২ শিশুর আগমন, উদ্বিগ্ন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নবজাতক শিশুদের অন্যত্র সরিয়ে অথবা নির্মাণের সময় সীমিত করে শব্দ দূষণ নিয়ন্ত্রণে আনা সম্ভব। অথবা গাইনি ওয়ার্ড সাময়িক স্থানান্তর করা উচিৎ ছিল।

শিশু ও মাতৃস্বাস্থ্যের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত বিষয়টি দ্রুত সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। ভবিষ্যতের জন্য পরিকল্পিত ও দায়িত্বশীল আচরণই হতে পারে স্বাস্থ্যসেবার মানোন্নয়নের অন্যতম ভিত্তি।